**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 29 Jun. 25** **TIME: 7:45 PM**

---

১) দেশের ক্রীড়া মানচিত্রে বড়োল্যান্ড অঞ্চল দ্রুতগতিতে এগিয়ে চলেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মত কী বাত অনুষ্ঠানে মন্তব্য ।

২) শারদীয়া দূর্গাপূজোর সময় ১২ হাজারের ও বেশী শিক্ষক পদে নিযুক্তি দেওয়া হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর প্রকাশ ।

৩) বদরপুর লামডিং রেললাইনে যাত্রীবাহী রেল চলাচল পুনরায় আংশিকভাবে আরম্ভ ।

এবং

৪) কাছাড় জেলার কাটিগড়া থেকে আজ দুজন বাংলাদেশী নাগরিক আটক ।

---

স্বাস্থ্যক্ষেত্র থেকে সামাজিক সুরক্ষা পর্যন্ত সব দিকেই ভারতবর্ষ সম্প্রতি পরিপূর্ণতা লাভ করেছে এবং  এটি সামাজিক সুরক্ষার অন্যতম দৃষ্টান্ত হিসেবে পরিগনিত হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে আজ একথা বলেন । আর্ন্তজাতিক শ্রম সংগঠন আই এল অর প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে তিনি ভারতে বাস্তবায়িত হোয়া সামাজিক সুরক্ষা প্রকল্পের সফল রুপায়নের বিষয়ে ব্যাখ্যা করেন ।

দেশের ৬৪ শতাংশের ও বেশী লোক সম্প্রতি সামাজিক সুরক্ষা প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছে বলে উল্লেখ করে শ্রী মোদী ২০১৫ সাল পর্যন্ত শুধু ২৫ কোটি থেকে ও কম সংখ্যক লোক এধরণের প্রকল্পের মাধ্যমে উপকৃত হোয়ার বিপরীতে সম্প্রতি প্রায় ৯৫ কোটি লোক এই প্রকল্পের সুবিধা লাভ করেছে বলে তিনি জানান ।

দেশের ক্রীড়ামানচিত্রে বড়োল্যান্ড অঞ্চল দ্রুত গতিতে উদ্ভাসিত হয়ে চলেছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বড়োল্যান্ডের ফুটবল ক্ষেত্রের ভূয়সী প্রশংসা করেন ।এই অঞ্চলের যুব সম্প্রদায় ফুটবল খেলায় সকলের দৃষ্টি আকর্ষন করেছে বলে উল্লেখ করে তিনি হলীচরণ নার্জারী , দূর্গা বড়ো , অপূর্ণা নার্জারি , মনবীর বসুমাতারী সহ বেশ কয়েকজন প্রথমসারির ফুটবল খেলোয়ারের নাম তিনি বলেন । বিটি আর এলাকায় আয়োজন করা বড়োল্যান্ড সি ই এম কাপ প্রতিযোগীতাকে ঐক্য ও আশার আলো বলে অভিহিত করে তিনি বলেন যে এই প্রতিযোগীতায় ৩ হাজার ৭০০ টি দলের প্রায় ৭০ হাজার খেলোয়ার অংশ গ্রহণ করেছে ।অংশ গ্রহণকারীদের মধ্যে বৃহৎ সংখ্যক মহিলা খেলোয়ার থাকার বিষয়ে উল্লেখ করে এই প্রতিযোগীতা ক্রীড়া ক্ষেত্রে বড়োল্যান্ডের যুবসম্প্রদায়ের আগ্রহ ও নিষ্ঠার কথাই বোঝায়  বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

ভারতের আঞ্চলিক ভাষিক ও সাংস্কৃতিক বৈচিত্রের প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এরণের বৈচিত্র দেশের বিশেষ পরিচয় তুলে ধরে বলে মত প্রকাশ করেন । মেঘালয়ের এরী সূতা জি আই টেগ লাভ করার প্রসংগে তিনি বলেন যে এরী কাপরের চাহিদা বিশ্বে দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ।

দৃষ্টিশক্তির ক্ষেত্রে দীর্ঘদিন থেকে হুমকির সৃষ্টি করে আসা গ্লোকুমা রোগের প্রতি সরকারের গুরুত্ব আরোপ করার প্রসংগ উল্লেখ করে তিনি সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভারতবর্ষকে গ্লোকুমা মুক্ত দেশ হিসেবে ঘোষনা করাকে বিশেষ সফলতা বলে অভিহিত করেন ।

জরুরীকালীন অবস্থার প্রসংগ উল্লেখ করে প্রধানমন্ত্রী এধরণের প্রতিকূল পরিস্থিতির সংগে লড়াই করে দেশের সংবিধানকে সুরক্ষিত করে রাখার প্রতি অবদান যোগানো নেতৃবর্গের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

মন কী বাত অনুষ্ঠানে গত ২১ শে জুন পালন করা আর্ন্তজাতিক যোগ দিবসের বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে সমগ্র দেশের সংগে অন্যান্য দেশের কোটি কোটি লোক আগ্রহের সংগে এই দিবস পালন করেন । একইভাবে কৈলাশ মানস সরোবর যাত্রা , অমরনাথ যাত্রা ও জগন্নাথ রথযাত্রার প্রসংগ উল্লেখ করে তিনি এধরণের তীর্থ যাত্রা এক ভারত শ্রেষ্ঠ ভারত মন্ত্রের প্রতিফলন বলে আখ্যায়িত করেন ।মহিলাদের নেতৃত্বে হোয়া উন্নয়নের বিষয় উল্লেখ করে শ্রীমোদী বলেন ----

**বাইট (মোদিজি- ৫৫ সেকেন্ড)**

---

বিদ্যালয় শিক্ষা বিভাগ শারদীয় দুর্গাপূজার সময় ১২ হাজারেরও অধিক শিক্ষক পদে নিযুক্তি দেবে বলে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু জানিয়েছেন । শিক্ষক পদ পূরণের জন্য যোগ্যতা সম্পন্ন প্রার্থী বাছাই প্রক্রিয়া চলছে বলেও মন্ত্রী জানান । পয়লা জুলাই থেকে মাধ্যমিক পর্যায়ে শূণ্য থাকা ৭ হাজার ৫৮৮ টি শিক্ষক পদ পূরণের প্রক্রিয়া আরম্ভ হবে । কাছাড় ,বঙ্গাইগাও ,কামরূপ মহানগর ,নগাঁও , যোরহাট এবং ডিব্রুগড় জেলায় এই স্নাতক শিক্ষকের পদগুলি পূরণের জন্য ছটি মন্ডলে প্রার্থীর নথিপত্র পরীক্ষা প্রক্রিয়া আরম্ভ হবে । মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় পরিচালিত এই বাছাই প্রক্রিয়া সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন যে স্নাতক শিক্ষকের জন্য মোট সাত হাজার ৫৮৮ টি পদের জন্য আবেদন চাওয়া হয়েছিলো এবং এই পদের জন্য ছয় হাজার ২৩৬ জন প্রার্থী আবেদন যোগ্য বলে বিবেচিত হয়েছে । বাকী এক হাজার ৩৫২ টি পদের জন্য পরবর্তী সময়ে বিজ্ঞাপন প্রকাশ করা হবে বলে মন্ত্রী জানান । রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শূণ্য থাকা স্নাতকোত্তর শিক্ষকের এক হাজার ৪৭৮ টি পদের নথি পরীক্ষা সম্পূর্ন হবার পরও শূণ্য থাকা ২৩০টি পদের  জন্য শীঘ্র বিজ্ঞাপন প্রকাশ করা হবে বলে ডা: পেগু জানান ।

---

আজ জাতীয় পরিসংখ্যান দিবস । পরিসংখ্যান এবং অর্থনৈতিক পরিকল্পনার জনক অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহালনবীসের জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রতি বছর এই দিবস উদযাপন করা হয় । এবছর ৭৫ বছরের জাতীয় নমুনা জরীপ শীর্ষকে এই দিবস উদযাপন করা হয়েছে । এই দিবস উপলক্ষ্যে নতুনদিল্লীতে কেন্দ্রীয় মন্ত্রী রাও ইন্দ্রজিৎ সিংয়ের উপস্থিতিতে বিশেষ কার্যসূচীর আয়োজন করা হয় ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল আজ থেকে বদরপুর-লামডিং রেলপথের জাটিঙ্গা-লামপুর-নিউ হাফলং অংশে মধ্যে যাত্রীবাহী রেল চলাচল পুনরায় আংশিকভাবে আরম্ভ হয়েছে । উল্লেখ্য জাটিঙ্গা-লামপুর অঞ্চলে ভূমিধ্বসের ফলে ক্ষতিগ্রস্ত রেলপথের আংশিক পুনরুদ্ধার ছয় দিন বিরতির পর সম্ভব হওয়ায় পরীক্ষামূলকভাবে মালগাড়ী চলাচলের পর আজ থেকে যাত্রী পরিষেবা শুরু হয়েছে । গতকাল কলকাতা থেকে যাত্রা করা শিয়ালদহ-শিলচর কাঞ্চনজংঘা এক্সপ্রেস আজ ধ্বস বিধস্ত এই অঞ্চল নিরাপদে অতিক্রম করেছে । লামডিং-বদরপুর রেলপথে যাত্রীবাহী রেলের পুনরায় চলাচল সম্পর্কে আমাদের কাছাড় জেলার সংবাদদাতা জানান ----

**বাইট**

এদিকে আজ রাত ১০টা ৪০ মিনিটের পরিবর্তে শিলচর - রংগিয়া এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল সকাল পাঁচটায় যাত্রা করবে বলেও সূত্রে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলার কাটিগড়া থেকে আজ সকালে দু জন বাংলাদেশী নাগরিককে আর্ন্তজাতিক সীমান্ত পার হওয়ার সময় আটক করা হয়েছে । কাটিগড়া পুলিশ স্থানীয় জনসাধারণের সহায়তায় কাটিগড়ার ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকায় তিনজন সন্দেহযুক্ত বাংলাদেশী নাগরিককে আটক করলেও একজন পালিয়ে যেতে সক্ষম হয় । আটক দু জন বাংলাদেশি নাগরিক কয়েক বছর পূর্বে ভারতে প্রবেশ করে গুজরাটে শ্রমিক হিসেবে কাজ করেছিল বলে প্রাথমিক

তদন্তে জানা গেছে । গুজরাট সরকার সম্প্রতি অবৈধ অনুপ্রবেশকারীর বিরুদ্ধে কঠোর স্থিতি গ্রহন করায় তিনজন ব্যাক্তি  পালিয়ে এসে কাছাড় জেলার কাটিগড়ার আর্ন্তজাতিক সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করার চেষ্টা চালানোর সময় স্থানীয়  জনসাধারণ দুই জন বাংলাদেশীকে আটক করেন এবং একজন পালিয়ে যায় ।

---

কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও অধিকার মন্ত্রণালয়ের উদ্যোগে হাইলাকান্দি জেলার বিশেষভাবে সক্ষম ছাত্র-ছাত্রীদের বৃত্তির জন্য তিন ক্যাটাগরিতে দরখাস্ত আহ্বান করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নবম ও দশম শ্রেণীর জন্য প্রি-ম্যাট্রিক , একাদশ থেকে স্নাতকোত্তর পর্য্যন্ত পোষ্ট ম্যাট্রিক এবং স্নাতক থেকে স্নাতকোত্তর , ডিপ্লোমা ক্ষেত্রে টপ ক্লাসের ছাত্র বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । আবেদনকারী ছাত্র-ছাত্রীদের চল্লিশ শতাংশ শারিরীক বাধাগ্রস্তের শংসা পত্র এবং বার্ষিক আয় আড়াই লক্ষ টাকার নীচে থাকতে হবে । প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য আগামী ৩১শে অগাষ্টের মধ্যে এবং পোষ্ট-মেট্রিক ও টপ ক্লাস বৃত্তির জন্য আগামী ৩১শে অক্টোবরের মধ্যে পোর্টালে আবেদন করতে হবে ।

---

মধুরা নদীতে স্নান করতে গিয়ে আজ শিলচরের দুই জন যুবকের মৃত্যু হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে মৃত দুই যুবক কনকপুরের নারু দত্ত এবং রাজদীপ দাস বলে জানা গেছে । উল্লেখ্য আজ বন্ধুদের সাথে মধুরার দয়াদিশা এলাকায় স্নান করতে নেমে পা পিছলে পড়ে যায় এই দুই যুবক । স্থানীয়রা উধারবন্দ থানায় খবর

দিলে এস ডি আর এফ বাহিনী পৌঁছে তল্লাশি অভিযান চালায় তবে একজনের মৃত দেহ উদ্ধার করা হলেও অন্যজনকে এখনো সন্ধানহীন রয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

কাছাড় ডিস্ট্রিক্ট চেস এসোসিয়েশনের উদ্যোগে এবং একাগন্য ফাউন্ডেশনের সহযোগীতায় আসাম বিশ্ববিদ্যালয়ে গতকাল থেকে আর্ন্তজাতিক দাবা প্রতিযোগীতা শুরু হয়েছে । ক্লাসিক , ব্লিজ ও রেপিড , এই তিনটি ফরম্যাটে প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে । উত্তর-পূর্বাঞ্চলের সব রাজ্যের খেলোয়াড়রা এই প্রতিযোগীতায় অংশ নিয়েছেন ।

---